বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd

জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম
(৩৬০ ঘন্টা মেয়াদি)
প্রশিক্ষণ পরিচালনাকারি প্রতিষ্ঠান অনুমোদনের

(সংশোধিত ও পরিমার্জিত)

নীতিমালা ২০১৬

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

প্রকাশকাল ঃ মে, ২০১৬

পরিমার্জন ও মুদ্রণ কমিটি

১.	ড. মোঃ মোস্তাফিজুর রহমান চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	আহবায়ক
২.	মোঃ নায়েব আলী মন্ডল সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৩.	প্রকৌশলী সুশীল কুমার পাল, পরীক্ষা নিয়ন্ত্রক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৪.	মোঃ আক্তারউজ্জামান, পরিচালক (কারিকুলাম) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৫.	প্রকৌশলী মহেন্দ্র কুমার সিকদার, পরিদর্শক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৬.	ড. মোঃ শাহ জাহান, পরিচালক (আইটিসি) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৭.	এস এম শাহজাহান, উপ-পরিচালক (কোর্স এ্যাক্রিডিটেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৮.	এ কে এম শামসুজ্জামান, সিস্টেম এনালিস্ট বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৯.	রাজু মুহম্মদ শহীদুল ইসলাম, উপ-পরিচালক (গবেষণা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
১০.	মোঃ সুলতান হোসেন, কারিকুলাম বিশেষজ্ঞ (দাখিল-ভোক), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
১১.	মোঃ আব্দুল্লা আল মাবুদ, সহকারি পরিচালক (প্রকাশনা) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য সচিব

ভূমিকা

বাংলাদেশের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের মান প্রণয়ন, নিয়ন্ত্রণ ও উন্নয়নের সার্বিক দায়িত্ব বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উপর ন্যস্ত। দেশের দক্ষ জনবলের চাহিদা পূরণ ও বিদেশে দক্ষ জনশক্তি রপ্তানির লক্ষ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন স্তরে শিক্ষাক্রম প্রবর্তন করেছে।

বিশ্ব জুড়ে দক্ষ জনশক্তির চাহিদা পূরণের লক্ষ্যে বিভিন্ন ট্রেড ভিত্তিক দক্ষতা ও কম্পিউটার যন্ত্রের ব্যাপক প্রসার ঘটছে অর্থাৎ মানুষের জীবনযাত্রা, শিক্ষা, ব্যবসা-বাণিজ্য, চিকিৎসা, কৃষি সব কিছুই আজ দক্ষ কর্মী এবং প্রযুক্তি নির্ভর। তাই বিভিন্ন ট্রেড ভিত্তিক বিপুল দক্ষ জনশক্তি সৃষ্টি অপরিহার্য। বিভিন্ন স্তরের শিক্ষিত বেকার ও উচ্চতর শিক্ষায় ভর্তির সুযোগ বঞ্চিত যুবক-যুবতীদের ট্রেড ভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ দিয়ে দক্ষ মানব সম্পদে রূপান্তর করা যায়। আবার বিভিন্ন ক্ষেত্রে নিয়োজিত কর্মীদেরকেও প্রশিক্ষণ দিয়ে তাদের দক্ষতা ও কর্মপরিধি বাড়ানো সম্ভব। কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির সম্ভাবনা প্রচুর। অন্যদিকে এ প্রশিক্ষণের মাধ্যমে সমাজে সাধারণভাবে তথ্য প্রযুক্তি সচেতনতা সৃষ্টিও সম্ভব । ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ বিস্তারের মাধ্যমে বাংলাদেশ দারিদ্র বিমোচন ও প্রকট বেকারত্ব দূর করতে সরকার দৃঢ় প্রতিজ্ঞ। বেসরকারি উদ্যোগে ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ একদিকে যেমন সরকারের অর্থের সাশ্রয় ঘটাবে অন্যদিকে বৈদেশিক মুদ্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে।

ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ একটি ব্যবহারিক নির্ভর বাস্তবধর্মী শিক্ষা ব্যবস্থা। এর জন্য প্রয়োজন শিক্ষার উপযুক্ত ভৌত অবকাঠামো, প্রশিক্ষিত শিক্ষকমন্ডলী, আধুনিক শিক্ষা উপকরণ, যন্ত্রপাতি ও আসবাবপত্র। এ কারণে জাতীয় দক্ষতামান বেসিক(৩৬০ ঘন্টা মেয়াদি) প্রশিক্ষণ শিক্ষাক্রম পরিচালনার জন্য একটি নীতিমালা আবশ্যক। এ প্রয়োজনীতার নিমিত্ত আট সদস্য বিশিষ্ট একটি কমিটি জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম(৩৬০ ঘন্টা মেয়াদি) প্রশিক্ষণ প্রতিষ্ঠানের স্বীকৃতি বা অ্যাফেলিয়েশন প্রদানের নীতিমালার খসড়া প্রণয়ন করেন। উক্ত খসড়াটি বোর্ডের নিয়মানুযায়ী রেগুলেশন কমিটির মাধ্যমে চূড়ান্ত করা হয়। বর্তমানে এগারো সদস্য বিশিষ্ট একটি কমিটি নীতিমালাটি পরিমার্জন করেছে। এ নীতিমালা সরকারি/বেসরকারি উদ্যোগে মানসম্পন্ন জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম (৩৬০ ঘন্টা মেয়াদি) প্রশিক্ষণ কোর্স পরিচালনা ও এ উদ্দেশ্যে নতুন প্রতিষ্ঠান স্থাপনে সহায়ক ভূমিকা পালন করবে বলে আশা করছি।

(ড. মোঃ মোস্তাফিজুর রহমান)
চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭

শিক্ষাক্রম পরিচিতি

দারিদ্র বিমোচনের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য দক্ষ জনশক্তি একান্ত প্রয়োজন। দেশের বিপুল জনসংখ্যাকে দক্ষ জনশক্তিতে পরিণত করার জন্য কারিগরি শিক্ষার বিকল্প নাই। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ ও নতুন বিশ্ব ব্যবস্থার চাহিদার প্রেক্ষাপটে দেশে ও বিদেশে তথ্য প্রযুক্তির ক্ষেত্রে যে সম্ভাবনার সৃষ্টি হয়েছে তাতে স্বল্প মেয়াদি কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে দেশের বিপুল সংখ্যক শিক্ষিত জনগোষ্ঠিকে জনশক্তিতে রূপান্তরিত করা যায়। সরকারি/বেসরকারি উদ্যোগে এ ধরনের কোর্স পরিচালনা করার ক্ষেত্রে বিপুল উৎসাহ ও উদ্দীপনা লক্ষ্য করা যাচ্ছে।

দেশের প্রচলিত সাধারণ শিক্ষা ব্যবস্থার মাধ্যমে কাঙ্খিত দক্ষ জনশক্তি সৃষ্টি করা সম্ভব হচ্ছে না। বাংলাদেশে স্নাতক, উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে সাধারণ শিক্ষার প্রসার ঘটলেও দক্ষ কর্মী সৃষ্টি হচ্ছে না। দক্ষ কর্মী সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বেশ কিছু বাস্তবমুখী উদ্যোগ গ্রহণ করেছে তার মধ্যে জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম (৩৬০ ঘন্টা মেয়াদি) অন্যতম। বিজ্ঞান ও প্রযুক্তির নতুন নতুন আবিস্কার ও উদ্ভাবনের ফলে বিশ্বব্যাপি উন্নয়ন কৌশল ও পদ্ধতির দ্রুত পরিবর্তন ঘটছে এবং প্রযুক্তি নির্ভর কর্মকান্ডের বিস্তার লাভ করছে। এর ফলে দেশের অর্থনীতিতে ব্যবসা-বাণিজ্য, পরিবহন, উৎপাদিত পণ্য বাজারজাতকরণ, প্রশাসক ও ব্যবসায়িদের কম্পিউটারসহ বিভিন্ন প্রযুক্তির ওপর নির্ভর করতে হচ্ছে। এ কম্পিউটারসহ বিভিন্ন প্রযুক্তি ব্যবহারকারীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তোলার জন্য সরকারি/বেসরকারি উদ্যোগে বিভিন্ন মেয়াদি প্রশিক্ষণ কার্যক্রম প্রবর্তন করা হচ্ছে।

কম্পিউটারের পাশাপাশি ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, গার্মেন্টস, নির্মাণ, হোটেল ম্যানেজমেন্ট, ইঞ্জিনিয়ারিং, শিপবিল্ডিংসহ বিভিন্ন ক্ষেত্রে দেশে বিদেশে প্রচুর দক্ষ জনবলের চাহিদা রয়েছে। বিভিন্ন সেক্টরে দেশ বিদেশের শ্রম বাজারের চাহিদা অনুযায়ী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড স্বল্প মেয়াদি বিভিন্ন কোর্স প্রণয়ন করেছে। তাছাড়া পূর্বে চালুকৃত বিভিন্ন কোর্সকে যুগোপযোগী করা হয়েছে।

জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম (৩৬০ ঘন্টা মেয়াদি)
প্রশিক্ষণ কোর্স প্রবর্তনের উদ্দেশ্যাবলিঃ

- বিভিন্ন স্তরের শিক্ষিত বেকার ও উচ্চতর শিক্ষায় ভর্তির সুযোগ বঞ্চিত শিক্ষার্থীদের কারিগরি প্রশিক্ষণ দিয়ে মানবসম্পদে রূপান্তরকরণ।
- দেশে-বিদেশে বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োগের লক্ষ্যে বিভিন্ন ক্ষেত্রে দক্ষ কর্মী তৈরি।
- বিভিন্ন ক্ষেত্রে নিয়োজিত কর্মীদের প্রশিক্ষণ দিয়ে দক্ষতা ও চাকুরির সুযোগ বৃদ্ধির মাধ্যমে দারিদ্র বিমোচন।
- বিশ্বমানের দক্ষ কর্মী তৈরির মাধ্যমে মূল্যবান বৈদেশিক মূদ্রা অর্জন ।
- আত্নকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিসহ সামাজিক মর্যাদা বাড়ানো।
- তথ্য প্রযুক্তি ব্যবহারকরণের লক্ষে আগ্রহী করে তোলা।
- তথ্য প্রযুক্তি বিশ্বায়নের সাথে দেশের শিক্ষিত জনগোষ্ঠীকে একত্রীভূতকরণ।

জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম (৩৬০ ঘন্টা মেয়াদি) কোর্স পরিচালনার স্বীকৃতি (অ্যাফিলিয়েশন) প্রদান নীতিমালাঃ

১.০ প্রস্তাবনা ঃ

বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এস, আর, ও নং ৫২-আইন/৯৬) অনুসারে এবং Technical Education Act, 1967 (E. P. Act No. 1 of 1967) এর Section 40(2) Gi Clause (e) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বেসরকারি উদ্যোগে জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম(৩৬০ ঘন্টা মেয়াদি) প্রশিক্ষণ কোর্স অ্যাফিলিয়েশন (স্বীকৃতি) প্রদান, নবায়ন ও বাতিল/প্রত্যাহার সংক্রান্ত এ নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

২.০ সংজ্ঞা ঃ

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকলে এ নীতিমালায়-

২.১ ''কারিগরি শিক্ষা'' অর্থ Technical Education Act. (E P.Act. No.1 of 1967) এর Section 2/এর Clause (d) তে উল্লিখিত Technical Education;

২.২ "বোর্ড" অর্থ Technical Education Act. (E P.Act. No.1 of 1967)- Section ৩ এর অধীনে প্রতিষ্ঠিত Bangladesh Technical Education Board.

২.৩ "প্রতিষ্ঠান" অর্থ বোর্ড কর্তৃক প্রাথমিক পাঠদানের অনুমতি/স্বীকৃতিপ্রাপ্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান।

২.৪ ''বাছাই কমিটি'' অর্থ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক গঠিত কমিটি, যে কমিটি প্রকল্প/ছকসহ আবেদনপত্র প্রাথমিকভাবে বাছাই করবেন;

২.৫ "ফি" অর্থ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত ও আদায়যোগ্য অর্থ।

২.৬ ''পরিদর্শন টীম'' অর্থ প্রতিষ্ঠানের বিদ্যমান সুযোগ সুবিধা সরেজমিনে পরিদর্শন করার জন্য বোর্ড কর্তৃক গঠিত টীম;

২.৭ ''অ্যাফিলিয়েশন কমিটি'' অর্থ বোর্ড কর্তৃক গঠিত কমিটি, যে কমিটি বাছাইকৃত উপযুক্ত প্রতিষ্ঠানকে জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম (৩৬০ ঘন্টা মেয়াদি) মেয়াদি প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য সাময়িকভাবে প্রাথমিক পাঠদানের অনুমতি এবং চূড়ান্ত অনুমতি প্রদান করবেন।

২.৮ "প্রতিষ্ঠান স্থাপনের পূর্বানুমতি" অর্থ বোর্ড কর্তৃক দেশের সাধারণ শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান অথবা স্বতন্ত্রভাবে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম (৩৬০ ঘন্টা মেয়াদি) কোর্স পরিচালনার জন্য সাময়িকভাবে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান ।

২.৯ "স্বীকৃতি/অ্যাফিলিয়েশন" অর্থ বোর্ড কর্তৃক দেশের সাধারণ শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ করিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান অথবা স্বতন্ত্রভাবে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম (৩৬০ ঘন্টা মেয়াদি) প্রশিক্ষণ কোর্স সংযোজনের জন্য চূড়ান্ত অনুমতি প্রদান;

২.১০ ''স্বীকৃতি বাতিল/প্রত্যাহার'' অর্থ বোর্ড কর্তৃক সাধারণ শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ করিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান অথবা স্বতন্ত্রভাবে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম (৩৬০ ঘন্টা মেয়াদি) প্রশিক্ষণ কোর্সের স্বীকৃতি বাতিল/প্রত্যাহার করা।

৩.০ শিক্ষাক্রম অনুমোদনের নীতিমালা

৩.১ প্রতিষ্ঠানের ধরণঃ

দেশের সাধারণ শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান অথবা স্বতন্ত্রভাবে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে সরকার এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত শর্তপূরণ সাপেক্ষে জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম(৩৬০ ঘন্টা মেয়াদি) প্রশিক্ষণ কোর্স খোলা যাবে।

৩.২ নামকরণঃ

দেশের সাধারণ শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ করিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠনে জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম (৩৬০ ঘন্টা মেয়াদি) প্রশিক্ষণ কোর্স সংযোজন করা হলে প্রতিষ্ঠানটির অনুমোদিত পূর্বনাম বহাল থাকবে। তবে, সাধারণ শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানটির নাম পরিবর্তন করলে জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম(৩৬০ ঘন্টা মেয়াদি) প্রশিক্ষণ কোর্সের ক্ষেত্রেও তা প্রযোজ্য হবে। স্বতন্ত্রভাবে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম(৩৬০ ঘন্টা মেয়াদি) প্রশিক্ষণ কোর্স খোলা হলে বিশেষায়িত নামের সাথে প্রশিক্ষণ কেন্দ্র বা ইন্সটিটিউট অথবা বোর্ড কর্তৃক গ্রহণযোগ্য কোন নামকরণ করা যাবে।

৩.৩ ব্যক্তির নামে নামকরণ

ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণ হলে সরকারি সিদ্ধান্ত মোতাবেক প্রতিষ্ঠানের তহবিলে ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা জমা দিতে হবে। প্রদত্ত টাকা প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা থাকবে। উক্ত টাকা ব্যাংকের ষ্টেটমেন্টসহ জমার ডকুমেন্ট কারিগরি বোর্ডে দাখিল করতে হবে। বোর্ডের অনুমোদনক্রমে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।

৩.৪ প্রতিষ্ঠানের সংখ্যা

স্থানীয় এলাকার চাহিদার ভিত্তিতে এবং বোর্ড কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনীয় সংখ্যক প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত করা যাবে।

৩.৫ নিজস্ব ভবন/ভাড়া ভবন

ভাড়া বাড়িতে জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম(৩৬০ ঘন্টা মেয়াদি) কোর্স অনুমোদনের জন্য আবেদন করা হলে দুইটি ট্রেডের জন্য ন্যূনতম ১২০০ বর্গফুট এর বাড়ি পাঁচ বছরের জন্য ভাড়ার চুক্তি সংক্রান্ত ডকুমেন্ট দাখিল করতে হবে। তবে, উল্লেখ থাকে যে, পাঁচ বছরের ভাড়ার চুক্তি সমাপ্ত হলে অবশ্যই সমপরিমান ক্ষেত্রফল বিশিষ্ট ভাড়া/নিজস্ব ভবনে বোর্ডের অনুমোদন সাপেক্ষে নতুন ঠিকানায় স্থানান্তর করতে হবে।

৩.৬ ভৌত অবকাঠামো

৩.৬.১ ২ (দুই) ট্রেডের জন্য

শ্রেণিকক্ষ	ন্যূনতম পক্ষে ৩৫০ বর্গফুট	১টি	দুইটি ট্রেডের জন্য ন্যূনতম ১২০০ বর্গফুট তবে সংশ্লিষ্ট ট্রেডের জন্য নির্ধারিত শ্রেণি কক্ষ ও ল্যাব সুবিধা থাকতে হবে।
ওয়ার্কশপ/ল্যাব	ন্যূনতম পক্ষে ৩৫০ বর্গফুট	১টি	
অফিস, স্টোর , লাইব্রেরি ও অন্যান্য	ন্যূনতম পক্ষে ৪০০ বর্গফুট		
প্রতিষ্ঠান সংলগ্ন টয়লেট সুবিধা থাকতে হবে (ছাত্র এবং ছাত্রীদের আলাদা টয়লেট সুবিধা থাকতে হবে।)	১০০ বঃ ফুঃ (ন্যূনতম ২টি)		

৩.৬.২ অতিরিক্ত প্রতি ট্রেডের জন্য ৩৫০ বর্গফুটের ল্যাব/ওয়ার্কশপ এর সংখ্যা বাড়াতে হবে। ওয়ার্কশপ/ল্যাবরেটরির দেয়াল ও মেঝে অবশ্যই পাকা হতে হবে।

৩.৬.৩ পাঁচটির অধিক ট্রেড চালানোর জন্য প্রতিষ্ঠানের নামে নিজস্ব ভূমি/জমি ১০ (দশ) শতাংশ থাকতে হবে।

৩.৭ যন্ত্রপাতি

বোর্ড নির্ধারিত ট্রেড ভিত্তিক তালিকা অনুসারে প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি ক্রয়/সংগ্রহ করতে হবে।

৩.৮ বিদ্যুৎ সুবিধা

বৈধ বিদ্যুৎ সংযোগ অবশ্যই থাকতে হবে। আবেদনের সাথে বিদ্যুৎ সংযোগের প্রমাণপত্র দাখিল করতে হবে।

৩.৯ আসবাবপত্র ও শিক্ষা উপকরণ

শ্রেণি কক্ষে ছাত্রছাত্রীদের বসার জন্য প্রয়োজনীয় বেঞ্চ, ল্যাবে যন্ত্রপাতি স্থাপনের জন্য যথোপযুক্ত টেবিল ও বসার চেয়ার এবং শিক্ষক কর্মচারিদের জন্য প্রয়োজনীয় সংখ্যক চেয়ার টেবিল এবং প্রয়োজনীয় শিক্ষা উপকরণ থাকতে হবে। প্রয়োজন অনুযায়ী আলমারি ও ফাইল কেবিনেট থাকতে হবে।

৩.১০ ব্যবস্থাপনা কমিটি

বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ১৯৯৬ (এস, আর, ও নং ২৬৭-আইন/২০০৯) অনুযায়ী পাঠদানের অনুমতি/স্বীকৃতি প্রাপ্তির এক মাসের মধ্যে ব্যবস্থাপনা কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে।

৩.১১.১ শিক্ষক কর্মচারি

বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের (শিক্ষক-কর্মচারি) চাকরি প্রবিধানমালা, ১৯৯৬ (এস,আর,ও নং-৫৪-আইন/৯৬) মোতাবেক যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষক-কর্মচারি নিয়োগ করতে হবে। শিক্ষক/কর্মচারি বাছাই কমিটি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড গঠন করবে (এস,আর,ও নং-৫৪-ধারা-৪, আইন-৯৬)। এ ব্যাপারে পরবর্তিতে সরকারি কোন আদেশ জারি হলে তা প্রযোজ্য হবে।

৩.১১.২ জনবল কাঠামো

বেসিক ট্রেড কোর্সসহ স্বল্পমেয়াদি প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য প্রতি ট্রেডে এসআরও নং-৫৪-আইন/৯৬ অনুযায়ী যোগ্যতা সম্পন্ন নিম্নে বর্ণিত জনবল থাকতে হবে ঃ

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১	সুপারিণটেনডেন্ট	১ (এক) জন	১৫০০০-২৬২০০/-	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে বি.এস.সি (ইঞ্জিনিয়ারিং) এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম পাঁচ বৎসরের অভিজ্ঞতা অথবা ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম দশ বৎসরের অভিজ্ঞতা ।

০২	ট্রেড ইন্সট্রাকটর	১ জন (প্রতি ট্রেড)	৮০০০-১১১৫০/-	ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন বা উহার সমমানসহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ
০৩	টেকনিক্যাল ল্যাব/সপ এ্যাসিসটেন্ট	১ জন (প্রতি ২ ট্রেড)	৪৭০০-৬৫৫৫/-	অষ্টম শ্রেণী পাসসহ দুই বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট
০৪	অফিস সহকারি কাম হিসাব সহকারি	১ জন	৪৭০০-৬৫৫৫/-	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (বাণিজ্য) বা উহার সমমানসহ সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ
০৫	গার্ড কাম এম এল এস এস	১ জন	৪১০০-৫৪৩০/-	অষ্টম শ্রেণি পাশ। তবে প্রতিরক্ষা সার্ভিসের প্রাক্তন সদস্যকে অগ্রাধিকার দেওয়া হবে।

৩.১২ লাইব্রেরি

ট্রেড সংশ্লিষ্ট বোর্ড নির্ধারিত প্রয়োজনীয় সংখ্যক (প্রতি বিষয়ে ন্যূনতম ৩০ টি) পাঠ্যপুস্তক ও অন্যান্য বই থাকতে হবে।

৩.১৩ তহবিল

৩.১৩.১ সাধারণ তহবিল

প্রতিষ্ঠানের নামে সঞ্চয়ী হিসাব বা চলতি হিসাবে ন্যূনতম ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা জমা থাকতে হবে। আবেদনের সময় টাকা জমা থাকার ডকুমেন্ট হিসেবে হাল নাগাদ ব্যাংকের প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

৩.১৩.২ সংরক্ষিত তহবিলঃ

প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা জমা থাকতে হবে। আবেদনের সময় টাকা জমা থাকার ডকুমেন্ট হিসেবে সংরক্ষিত তহবিলের ফটোকপি জমা দিতে হবে।

৩.১৪ প্রতি প্রতিষ্ঠানে নিজস্ব Website + WiFi সুবিধা থাকতে হবে।

৪.০ আবেদন করার পদ্ধতি

৪.১ পাঠদানের অনুমতির জন্য আবেদন

বোর্ড নির্ধারিত আবেদন ফরম সংশ্লিষ্ট ডেস্ক অফিসার এর নিকট হতে অথবা বোর্ডের ওয়েব সাইট থেকে ডাউনলোড করে আবেদন করা যাবে। প্রয়োজনীয় তথ্যাদি এবং ডকুমেন্টসহ যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্র বোর্ডে নির্ধারিত সময়ের মধ্যে ডেস্ক অফিসারের নিকট জমা দিতে হবে। আবেদন প্রসেসিং ফি বাবদ ১০০/- (একশত) টাকা পুরণকৃত ফরম জমা দেয়ার সময় বোর্ডের হিসাবে জমা দিতে হবে।

৪.২ প্রতিষ্ঠানের প্রাক-যোগ্যতা যাচাই এবং পরিদর্শন উপযোগী প্রতিষ্ঠান নির্বাচনঃ

বোর্ডে জমাকৃত আবেদনপত্র শিক্ষাক্রমের নীতিমালা অনুসরণপূর্বক বোর্ড নির্ধারিত বাছাই কমিটি কর্তৃক পরিদর্শন উপযোগী প্রতিষ্ঠান নির্বাচন করবেন। যাচাইকালে কোন আবেদনের সাথে প্রদত্ত সংশ্লিষ্ট তথ্য যাচাই কালে গড়মিল দেখা দিলে পরবর্তী ১ (এক) বছরের জন্য আবেদন করার অযোগ্য হবে।

৪.৩ পরিদর্শন ফি প্রদান

বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাইকৃত উপযুক্ত প্রতিষ্ঠানকে বোর্ড নির্ধারিত হারে পরিদর্শন ফি প্রদানের জন্য অবহিত করা হবে। নির্ধারিত ফি পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে জমা দিতে হবে।

৪.৪ পরিদর্শন টীম নির্বাচন এবং পরির্দশনে প্রেরণ

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত ও পরির্দশন ফি প্রদানকারী উপযুক্ত প্রতিষ্ঠান পরিদর্শনের নিমিত্ত পরিদর্শন টীম গঠনপূর্বক পরিদর্শনে প্রেরণ করা হবে। পরিদর্শনকারী টীম সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করে বোর্ডের নীতিমালা অনুসারে স্বীকৃতির জন্য প্রয়োজনীয় ভৌত অবকাঠামোসহ সুযোগ সুবিধা আছে কিনা তা নিরূপন করে সুনির্দিষ্ট সুপারিশসহ প্রতিবেদন বোর্ডে দাখিল করবেন।

৫.১ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান

বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এস, আর, ও নং -৫২-আইন/৯৬) অনুসারে এবং বোর্ড প্রণীত নীতিমালার শর্তাবলী পূরণপূর্বক পরিদর্শন প্রতিবেদন মূল্যায়ন করে অ্যাফিলিয়েশন কমিটি উপযুক্ত প্রতিষ্ঠান নির্বাচন এবং সাময়িকভাবে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদানের সুপারিশ করবেন। অ্যাফিলিয়েশন কমিটির সুপারিশের প্রেক্ষিতে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রযোজ্য শর্তারোপপূর্বক সাময়িকভাবে ১ (এক) বছরের জন্য জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম(৩৬০ ঘন্টা মেয়াদি) প্রশিক্ষণ কোর্সের প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হবে।

৫.২ আসন সংখ্যা

প্রতি ট্রেডে ড্রপ-আউটসহ আসন সংখ্যা হবে ৩০ (ত্রিশ)।

৫.৩ বোর্ড সভার অনুমোদন

প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদানের পর অনুষ্ঠিতব্য বোর্ড সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। বোর্ড সভার অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বোর্ড অনুমোদিত বলে বিবেচিত হবে।

৫.৪ অ্যাফিলিয়েশন ফি

অ্যাফিলিয়েশন প্রাপ্তির শিক্ষাসন হতে প্রতি বৎসর বোর্ড কর্তৃক নির্ধারিত হারে অ্যাফিলিয়েশন ফি/নবায়ন ফি বোর্ডে জমা দিতে হবে।

৬.০ চূড়ান্ত স্বীকৃতি

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ৫/বোর্ড (ভোক) ৬-২/২০০৪ (অংশ-১)/১৩৪৮, তারিখঃ ২৮/১১/২০০৫ইং এর প্রেক্ষিতে চূড়ান্ত স্বীকৃতি প্রাপ্তির ক্ষেত্রে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রাপ্ত প্রতিষ্ঠানকে ন্যূনতম একটি চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। চূড়ান্ত পরীক্ষায় বিদ্যমান আসনের ৭৫% পরীক্ষার্থী অংশগ্রহণ করে ৫০% উত্তীর্ণ হলে চূড়ান্ত স্বীকৃতির জন্য নির্ধারিত আবেদনপত্রে প্রয়োজনীয় ডকুমেন্টসহ আবেদন করতে হবে। বোর্ড কর্তৃপক্ষ শিক্ষক-কর্মচারি, নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি গঠন এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলী যাচাই পূর্বক চূড়ান্ত স্বীকৃতি প্রদান করবেন। প্রযোজ্য কোন শর্ত পূরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে চূড়ান্ত স্বীকৃতি প্রদান করা হবে না। এক্ষেত্রে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৭.০ গ্রুপ/ট্রেড সংযোজনের জন্য আবেদন

গ্রুপ/ট্রেড সংযোজনের জন্য প্রতিষ্ঠানটি চূড়ান্ত স্বীকৃতি প্রাপ্ত হতে হবে। এছাড়া সর্বশেষ অনুমোদিত ট্রেডের শিক্ষার্থীদের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বিদ্যমান আসনের ৭৫% পরীক্ষার্থী চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে ৫০% উত্তীর্ণ হলে গ্রুপ/ট্রেড সংযোজনের নিমিত্ত আবেদনের জন্য প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত হবে। এরূপ যোগ্য প্রতিষ্ঠান আবেদন করলে আবেদনপত্র সরবরাহ করা হবে। পরবর্তি কার্যক্রম প্রাথমিক পাঠদান অনুমোদনের অনুরূপ পদ্ধতি অনুসরণ করা হবে।

৮.০ স্বীকৃতির নবায়ন

চূড়ান্ত স্বীকৃতি প্রাপ্ত প্রতিষ্ঠানের উল্লিখিত মেয়াদান্তে স্বীকৃতি নবায়ন করার জন্য বোর্ড নির্ধারিত হারে ফি প্রদান সাপেক্ষে বোর্ড কর্তৃক নির্ধারিত আবেদনপত্র মোতাবেক আবেদন করতে হবে। আবেদনের সাথে সকল আনুষ্ঠানিকতা পূরণের প্রমাণস্বরূপ কাগজপত্র সংযুক্ত করতে হবে। প্রতিষ্ঠানের প্রয়োজনীয় কোন শর্ত পূরণ না হলে স্বীকৃতি নবায়ন করা হবে না। এরূপ ক্ষেত্রে উপযুক্ত কারণ দেখিয়ে স্বীকৃতি নবায়নের জন্য পুনরায় আবেদন করা যাবে।

৯.০ একইরূপ প্রতিষ্ঠান হতে আবেদিত প্রতিষ্ঠানের ন্যূনতম দূরত্ব ঃ

একইরূপ প্রতিষ্ঠান হতে আবেদিত প্রতিষ্ঠানের ন্যূনতম দূরত্ব বিভাগীয় শহর, জেলা শহরে ০.৫ কি.মি ও উপজেলা শহরে ১ কিলোমিটার থাকতে হবে। ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে ন্যূনতম ২ (দুই) কিলোমিটার থাকতে হবে।

১০.০ একইরূপ প্রতিষ্ঠান হতে আবেদিত প্রতিষ্ঠানের ন্যূনতম জনসংখ্যাঃ

আবেদিত প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা বিভাগীয় শহর/জেলা শহর/ উপজেলা শহরে পঞ্চাশ হাজার থাকতে হবে। ইউনিয়ন/গ্রাম পর্যায়ে ত্রিশ হাজার থাকতে হবে।

১১.০ স্থান পরিবর্তন

প্রতিষ্ঠানের স্থান পরিবর্তনের জন্য ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বোর্ডে র্নিধারিত ফি প্রদান সাপেক্ষে প্রতিষ্ঠান প্রধানকে সভাপতির প্রতিস্বাক্ষরসহ আবেদন করতে হবে। বোর্ডের পরিদর্শন ও অন্যান্য প্রযোজ্য শর্তাবলী পূরণ হলে বোর্ডের অনুমোদনক্রমে স্থান পরিবর্তন করা যাবে। এছাড়া দেশের প্রচলিত শিক্ষা ব্যবস্থায় অনুমোদিত কোন প্রতিষ্ঠানের স্থান পরিবর্তন করলে তা কারিগরি শিক্ষা বোর্ডের জন্যও প্রযোজ্য হবে।

১২.০ নাম পরিবর্তন

প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের জন্য প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বোর্ড নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে সভাপতির প্রতিস্বাক্ষরসহ প্রতিষ্ঠানের প্রধান কতৃক আবেদন করতে হবে। বোর্ডের পরিদর্শন ও অন্যান্য প্রযোজ্য শর্তাবলী পূরণ হলে বোর্ডের অনুমোদনক্রমে নাম পরিবর্তন করা যাবে। এছাড়া দেশের প্রচলিত শিক্ষা ব্যবস্থায় অনুমোদিত কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নাম পরিবর্তন করলে তা কারিগরি শিক্ষা বোর্ডের জন্যও প্রযোজ্য হবে।

১৩.০ পাঠ্যক্রম

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত/পরিমার্জিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।

১৪.০ পরীক্ষানুষ্ঠান

বোর্ড কর্তৃক অনুমোদিত শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও নম্বর বিন্যাস অনুযায়ী পরীক্ষানুষ্ঠান ও মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৫.০ শিক্ষা বর্ষপঞ্জি

বোর্ড প্রণীত শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করতে হবে।

১৬.০ প্রশিক্ষণ গ্রহণ

অ্যাফিলিয়েশনপ্রাপ্ত প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারিদের শিক্ষাক্রমের প্রয়োজনে পেশাগত প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা থাকতে হবে।

১৭.০ সরকার কর্তৃক জারিকৃত নীতিমালা

বেসরকারি উদ্যোগে স্থাপিত শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান এবং পরিচালনার ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত নির্দেশাবলীও এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৮.০ স্বীকৃতি বাতিল/প্রত্যাহার

অনুমোদিত নীতিমালার শর্তাবলির ব্যত্যয় ঘটলে এবং সময় সময় বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত নির্দেশাবলি পালন করতে ব্যর্থ হলে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বীকৃতি স্থগিত কিংবা প্রত্যাহার করতে পারবে। এ বিষয়ে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এসআরও নং-৫২-আইন/৯৬) এর বিধান অনুসরণ করা হবে।

১৯.০ ব্যাখ্যা

এ নীতিমালার কোন ধারা/ধারাসমূহের ব্যাখ্যা প্রদানের অধিকার শুধুমাত্র বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে।

২০.০ সংরক্ষণ

কোন কারণ ব্যতিরেকে জাতীয় দক্ষতামান বেসিক(৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার জন্য সাধারণ শিক্ষা বোর্ডের স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানে সংযোজন ও স্বীকৃতি প্রদান করা বা না করার এবং নীতিমালায় বর্ণিত যে কোন শর্ত শিথিল বা আরোপ করার ক্ষমতা বোর্ড কর্তৃক সংরক্ষিত।

২১.০ অঙ্গীকার নামা প্রদান

ক) উদ্যোক্তাগণকে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পের ওপর উল্লিখিত শর্তাবলি পূরণ হয়েছে এবং বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত বিধানাবলি পালন করা হবে-মর্মে আবেদনের সাথে অঙ্গীকারনামা প্রদান করতে হবে ।

অঙ্গীকার নামা

এ মর্মে অঙ্গীকার করা যাচেছ যে, জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) প্রশিক্ষণ কোর্স পরিচালনার স্বীকৃতি/অ্যাফিলিয়েশন এর আবেদনপত্রে ও সংযোজনীতে প্রদত্ত তথ্যাবলি সত্য। নীতিমালায় বর্ণিত শর্তাবলি পূরণ করা হয়েছে এবং পরবর্তিতে বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত আদেশ-নির্দেশ ও বিধানাবলি পালন করা হবে। আবেদনে বর্ণিত তথ্যাবলি অসত্য প্রমাণিত হলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হলে আমার/আমাদের কোন প্রকার আপত্তি থাকবে না।

সভাপতি ব্যবস্থাপনা কমিটি/সাংগঠনিক কমিটি (সীলসহ স্বাক্ষর)	সদস্য-সচিব (সীলসহ স্বাক্ষর)

২২.০ বিভিন্ন কমিটিসমূহ

২২.১ বাছাই কমিটি

১.	পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক (প্রযোজ্য ক্ষেত্রে) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	আহ্বায়ক
২.	মূল্যায়ণ কর্মকর্তা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৩.	কারিকুলাম বিশেষজ্ঞ/উপ-পরিদর্শক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৪.	কারিকুলাম/পরিদর্শন বিভাগের সংশ্লিষ্ট ডেক্স অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য-সচিব

২২.২ পরিদর্শন টীম

১.	উপ-পরিদর্শক/উপ-পরিচালক/উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/উপ-সচিব/কারিকুলাম বিশেষজ্ঞ/প্রথম শ্রেণির কর্মকর্তা/ সমমান বা তদুর্ধ্ব	১ জন
২.	বিষয় বিশেষজ্ঞ/আঞ্চলিক পরিদর্শক/পলিটেকনিক/ টিএসসি/অন্যান্য কারিগরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ১ম শ্রেণির কর্মকর্তা বা তদুর্ধ্ব)	১ জন

২২.৩ অ্যাফিলিয়েশন কমিটিঃ

১	চেয়ারম্যান বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	আহ্বায়ক
২	সচিব বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৩	পরিচালক (কারিকুলাম) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৪	পরীক্ষা নিয়ন্ত্রক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৫	পরিদর্শক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৬	পরিচালক (আইটিসি) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য
৭	সংশ্লিষ্ট ডেস্ক অফিসার বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	সদস্য-সচিব

২৩.১ আবেদনপত্র (পাঠদান/গ্রুপ/ট্রেড সংযোজনের) প্রদান, গ্রহণ, যাচাই ও অনুমোদন সংক্রান্ত সময়সূচি (জুলাই-ডিসেম্বর সেশন)ঃ

ক্রঃ নং	কাজের বিবরণ	সময়	বাস্তবায়নকারী
১.	প্রাপ্যতা ও অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে নির্ধারিত সময়ে আবেদনপত্র বিতরণ ও গ্রহণ	জানুয়ারি	ডেস্ক অফিসার
২.	প্রতিষ্ঠানের যোগ্যতা যাচাই এবং পরিদর্শন উপযোগী প্রতিষ্ঠান নির্বাচন	ফেব্রুয়ারি	যাচাই কমিটি
৩	পরিদর্শন ফি প্রদানের জন্য অবহিতকরণ	মার্চ	ডেস্ক অফিসার
৪	পরিদর্শন টীম নির্বাচন এবং পরিদর্শনে প্রেরণ	এপ্রিল	যথাযথ কর্তৃপক্ষ
৫	পরিদর্শন প্রতিবেদন মূল্যায়ন ও সিদ্ধান্ত গ্রহণের জন্য অ্যাফিলিয়েশন কমিটির সভা	মে	অ্যাফিলিয়েশন কমিটি
৬	সংশ্লিষ্ট শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য উপযুক্ত প্রতিষ্ঠানকে সাময়িকভাবে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান	জুন	চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ডেস্ক অফিসার ও পরিচালক (কারিকুলাম)/ পরিদর্শক(প্রযোজ্য ক্ষেত্রে)

২৩.২ আবেদনপত্র (পাঠদান/গ্রুপ/ট্রেড সংযোজন) প্রদান, গ্রহণ, যাচাই ও অনুমোদন সংক্রান্ত সময়সূচি (জানুয়ারি-জুন সেশন)ঃ

ক্রঃ নং	কাজের বিবরণ	সময়	**বাস্তবায়নকারী**
১.	প্রাপ্যতা ও অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে নির্ধারিত সময়ে আবেদনপত্র বিতরণ ও গ্রহণ	জুলাই	ডেস্ক অফিসার
২.	প্রতিষ্ঠানের যোগ্যতা যাচাই এবং পরিদর্শন উপযোগী প্রতিষ্ঠান নির্বাচন	আগষ্ট	যাচাই কমিটি
৩.	পরিদর্শন ফি প্রদানের জন্য অবহিতকরণ	সেপ্টেম্বর	ডেস্ক অফিসার

৪.	পরিদর্শন টীম নির্বাচন এবং পরিদর্শনে প্রেরণ	অক্টোবর	যথাযথ কর্তৃপক্ষ
৫.	পরিদর্শন প্রতিবেদন মূল্যায়ন ও সিদ্ধান্ত গ্রহণের জন্য অ্যাফিলিয়েশন কমিটির সভা	নভেম্বর	অ্যাফিলিয়েশন কমিটি
৬.	সংশ্লিষ্ট শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রি ভর্তির জন্য উপযুক্ত প্রতিষ্ঠানকে সাময়িকভাবে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান	ডিসেম্বর	চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ডেস্ক অফিসার ও পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক (প্রযোজ্য ক্ষেত্রে)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত
জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রম (৩৬০ ঘন্টা মেয়াদি)

ট্রেড কোড	ট্রেডের নাম
০৩	সিএনসি মেশিন অপারেটর (লেদ)
০৪	এমব্রয়ডারি মেশিন অপারেটর অ্যান্ড মেইনটেন্যান্স
০৫	বেসিক ক্রিয়েটিভ ফাইন আর্টস অ্যাপ্লিকেশন
০৬	ডেইরি ফার্ম ম্যানেজমেন্ট
০৭	ফায়ার সায়েন্স অ্যান্ড অকোপেশনাল সেফটি
০৮	উইভিং (টেক্সটাইল)
০৯	বিল্ডিং কন্সট্রাকশন পেইন্টিং
১০	অটো মেকানিকস
১১	এআরসি ওয়েল্ডিং
১২	এআরসি অ্যান্ড গ্যাস ওয়েল্ডিং
১৩	আর্মেচার ওয়েল্ডিং
১৪	বিল্ডিং মেইনটেন্যান্স
১৫	বিল্ডিং অ্যান্ড আর্কিটেকচারাল ড্রাফটিং
১৬	কম্পিউটার অপারেটর
১৭	ইলেকট্রিক্যাল হাউস ওয়্যারিং
১৮	ইলেকট্রিক্যাল লাইন মেইনটেন্যান্স
১৯	ফার্ম মেশিনারি

ট্রেড কোড	ট্রেডের নাম
২০	ফার্ণিচার অ্যান্ড কেবিনেট মেকিং
২১	জেনারেল মেকানিক্স
২২	মেশিনিস্ট
২৩	মেইনটেন্যান্স অফ ইলেকট্রিক্যাল ইকুইপমেন্ট
২৪	মেকানিক্যাল ড্রাফটিং
২৫	প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং
২৬	রেডিও অ্যান্ড টেলিভিশন সার্ভিসিং
২৭	রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং
২৮	আইটি সাপোর্ট টেকনিশিয়ান
২৯	ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং
৩০	মটর সাইকেল অ্যান্ড মিশুক মেকানিক্স
৩১	মিড লেভেল সুপারভাইজার
৩২	ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন
৩৩	জেনারেল ইলেকট্রিশিয়ান
৩৪	অটোক্যাড
৩৫	মোবাইল ফোন সার্ভিসিং
৩৬	মেশন
৩৭	ইলেকট্রিশিয়ান
৩৮	ফুড অ্যান্ড বেভারেজ প্রডাকশন
৩৯	ফুড অ্যান্ড বেভারেজ সার্ভিস
৪০	ফ্রন্ট অফিস ম্যানেজমেন্ট
৪১	হাউজ কিপিং
৪২	টেলিকমিউনিকেশন অ্যান্ড ক্যাবল লেইং
৪৩	সার্টিফিকেট-ইন-বিউটিফিকেশন
৪৪	এগ্রিকালচারাল মেশিন মেইনটেন্যান্স
৪৫	সার্টিফিকেট-ইন-স্ক্রিন প্রিন্টিং
৪৬	লেদার গুডস অ্যান্ড ফুটওয়্যার
৪৭	সিভিল কন্সট্রাকশন
৪৮	আমিনশীপ
৪৯	গ্রাফিক্স অ্যান্ড এনিমেশন
৫০	এক্টিং এন্ড প্রেজেন্টেশন

ট্রেড কোড	ট্রেডের নাম
৫১	আর্ট অব স্টিল ফটোগ্রাফি
৫২	ক্যামেরা অ্যান্ড লাইটিং টেকনিক
৫৩	ডাইরেকশন অব টিভি জার্নালিজম
৫৪	ভিডিও এডিটিং অ্যান্ড সাউন্ড রেকর্ডিং
৫৫	মেশনারি অ্যান্ড রড বাইন্ডিং
৫৬	কার্পেন্ট্রি (ডোর, উইনডো অব সাটারস)
৫৭	ইলেকট্রিক্যাল মেশিন মেইনটেন্যান্স
৫৮	ড্রাফটিং সিভিল
৫৯	অডিও ভিডিও
৬০	হর্টিকালচার নার্সারী
৬১	অ্যাপারেল মার্চেন্ডাইজিং
৬২	প্যাটার্ণ মেকিং, কাটিং অ্যান্ড গ্রেডিং
৬৩	ওয়ার্ক স্টাডি প্রডাকশন প্লানিং অ্যান্ড কন্ট্রোল ফর অ্যাপারেল ম্যানুফেকচারিং
৬৪	বাঁশ বেত অ্যান্ড পাটি শিল্প
৬৫	পেস্ট্রি অ্যান্ড বেকারি প্রডাকশন
৬৬	ট্রাভেল ট্যুর অপারেশন
৬৭	ওয়েল্ডিং
৬৮	ড্রাইভিং কাম অটো মেকানিকস
৬৯	ইনটেরিয়র ডেকোরেশন (জিপসাম ডেকোরেশন)
৭০	ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন
৭১	ডাকটিং অ্যান্ড ফেব্রিকেশন
৭২	হেয়ার ড্রেসিং
৭৩	সার্টিফিকেট-ইন-প্যাটার্ণ মেকিং
৭৪	সেক্রেটারিয়াল সায়েন্স
৭৫	বিল্ডিং অ্যান্ড আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ অটোক্যাড
৭৬	কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন
৭৭	হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্কিং
৭৮	কম্পিউটার প্রোগ্রামিং
৭৯	ডাটাবেস প্রোগ্রামিং
৮০	অবজেক্ট অরিয়েন্টেড প্রোগ্রামিং

ট্রেড কোড	ট্রেডের নাম
৮১	গ্রাফিক্স ডিজাইন অ্যান্ড মাল্টিমিডিয়া প্রোগ্রামিং
৮২	শীপ ফেব্রিকেশন
৮৩	ওয়েল্ডিং ৪জি
৮৪	ওয়েল্ডিং ৬জি
৮৫	ইন্ডাস্ট্রিয়াল সুইং মেশিন অ্যান্ড মেইনটেন্যান্স
৮৬	টিগ অ্যান্ড মিগ
৮৭	সুয়েটার নিটিং মেশিন অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স
৮৮	টাইলস অ্যান্ড সেটিং
৮৯	এয়ার হোস্টেস অ্যান্ড কেবিন ক্রু
৯০	এভিয়েশন ম্যানেজমেন্ট
৯১	ট্রাভেল ট্যুরিজম অ্যান্ড টিকেটিং
৯২	ডিজেল মেকানিক্স
৯৩	বেসিক ট্রেড কোর্স ইন ইন্সুরেন্স
৯৪	প্রোগ্রামেবল লজিক কন্ট্রোলার
৯৫	জেনারেল ইলেকট্রনিক্স
৯৬	ব্লক বাটিক অ্যান্ড প্রিন্টিং
৯৭	প্রফিসিয়েনসি ইন ইংলিশ কমিউনিকেশন
৯৮	মেরিন ইলেকট্রিশিয়ান